

সিপিজে'র উদ্যোক্তা প্রশিক্ষণ কর্মশালায় জাককানইবি'র ১৫০ শিক্ষার্থী

জাককানইবি প্রতিনিধি ০৭ ডিসেম্বর ২০১৮, ১৫:৫০

ময়মনসিংহের ব্র্যাক লার্নিং সেন্টারে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে) মাসব্যাপী নারী উদ্যোক্তা প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। ইউএন ওমেন এর 'এমপাওয়ারড ওমেন, পিসফুল কমিউনিটিস' প্রকল্পের আওতায় এ আয়োজন করা হয়।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (জাককানইবি) এর বিভিন্ন বিভাগের ১৫০ জন ছাত্রী নভেম্বর ও ডিসেম্বর মাস জুড়ে উদ্যোক্তা হওয়ার জ্ঞান এবং বিভিন্ন কৌশল অর্জনের ওপর এই প্রশিক্ষণের সুযোগ পাবে।

প্রশিক্ষণে শিক্ষার্থীরা তাদের নিজেদের অভিজ্ঞতা, অর্জন ও ব্যর্থতাগুলোর পর্যালোচনাসহ কীভাবে একজন সামাজিক উদ্যোক্তা সকলের অংশগ্রহণ নিশ্চিত করে সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠা করতে পারে তা জানতে পারবে। পাশাপাশি সমাজের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে এবং সমাধানের জন্য সৃষ্টিশীল ও বাস্তবসম্মত প্রকল্প প্রস্তাবনা তৈরি করার প্রশিক্ষণ পাবে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা।

উল্লেখ্য, গত ১২ আগস্ট ২০১৮ এ ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মধ্যে এই প্রকল্প বাস্তবায়নের জন্য সমঝোতা স্বাক্ষরিত হয়েছে। 'এমপাওয়ারড ওমেন, পিসফুল কমিউনিটিস' প্রকল্পের লোকাল ফ্যাসিলিটর জাককানইবি'র লোকপ্রশাসন ও সরকার পরিচালন বিদ্যা বিভাগের প্রভাষক মো. অলিউল্লাহ জানান, এই প্রকল্পের আওতায় নারী শিক্ষার্থী সামাজিক উদ্যোক্তা প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে একটি অংশগ্রহণমূলক ও শান্তিপূর্ণ সমাজ গঠনে ব্রতী হবে।